# এস এস সি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## বাংলা প্রথম পত্র (সৃজনশীল)

বিষয় কোড: ১০১

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট　　　　　　　　পূর্ণমান — ৬০

[দ্রষ্টব্য: দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উল্লেখিত উদ্দীপকগুলো মনোযোগসহ পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। প্রতিটি অংশ থেকে কমপক্ষে ১টি করে মোট ৬টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

### ক অংশ — গদ্য

১.▶ রিজন একজন মেধাবী ছাত্র। সেদিন বাংলা ক্লাসে সে এমন একটি শব্দ উচ্চারণ করে বসল, যা শুনে শিক্ষক অবাক হয়ে গেলেন। তারপর তিনি সকল শিক্ষার্থীর উদ্দেশে বললেন, "সব পরিবেশে সব শব্দ ব্যবহার করা ঠিক নয়"। বাংলা ভাষায় একটি অর্থ বোঝাতে একাধিক শব্দ রয়েছে। তার অর্থ এই নয় যে, সব শব্দ সব পরিবেশে ব্যবহার করা যায়। মার্জিত পরিবেশে মার্জিত শব্দ ব্যবহার করতে হয়।

ক. বাংলা ভাষায় শতকরা কতটি মৌলিক শব্দ? ১

খ. অর্ধ-তৎসম শব্দ বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকটি 'বাংলা শব্দ' প্রবন্ধের কোন প্রসঙ্গের সাথে সজাতিপূর্ণ বুঝিয়ে লেখ। ৩

ঘ. 'মার্জিত পরিবেশে মার্জিত শব্দ ব্যবহার করতে হয়' উক্তিটি 'বাংলা শব্দ' প্রবন্ধের আলোকে বিশ্লেষণ কর। ৪

২.▶ রাইসা দশম শ্রেণির ছাত্রী। স্কুলের বাংলা শিক্ষক তাকে ঘূর্ণিঝড় 'সিডর' সম্পর্কে একটি প্রবন্ধ লিখতে বললেন। রাইসা বিভিন্ন দৈনিক পত্রিকা থেকে অনেক তথ্য সংগ্রহ করে 'সিডর' সম্পর্কে তার লেখাটি তৈরি করে। অধিক তথ্য একত্রে করতে গিয়ে রাইসা এতে নিজের বুদ্ধি ও সৃজনশীলতার পরিচয় দিতে পারেনি। শিক্ষককে রাইসা যখন তার লেখাটি দেখায় তখন শিক্ষক বলেন, "তোমার লেখাটি গদ্য হয়েছে কিন্তু প্রবন্ধ হয়নি।"

ক. প্রবন্ধ প্রধানত কয় শ্রেণির? ১

খ. মন্ময় প্রবন্ধ বলতে তুমি কী বোঝ? ২

গ. রাইসার লেখাটি প্রবন্ধ না হয়ে গদ্য হলো কেন? আলোচনা কর। ৩

ঘ. 'প্রবন্ধ সাহিত্যের জন্য লেখকের সৃজনশীলতাই অপরিহার্য' উদ্দীপক ও 'সাহিত্যের রূপ ও রীতি' রচনার আলোকে উক্তিটির যথার্থতা নিরূপণ কর। ৪

৩.▶ বিভূতিভূষণ সম্পর্কে বলতে গিয়ে একজন সাহিত্য সমালোচক বলেছেন প্রকৃতি যে মানুষের জীবনে এত বিস্তৃতভাবে বিস্তার করে তা বিভূতিভূষণের সাহিত্য না পড়লে বোঝা যায় না। প্রকৃতি ও মানুষের চিরায়ত এক সম্পর্ক রয়েছে তাঁর সাহিত্যে, মানুষের জীবনযাপনকে সহজ সরলভাবে তুলে ধরতে

Teachingbd.com

তিনি ছিলেন সিদ্ধহস্ত। জীবনকে তিনি প্রকৃতি ঘনিষ্ট করেছেন। তাই প্রকৃতি ও জীবন তাঁর সাহিত্যে একাকার হয়ে গেছে।

ক. 'আম আঁটির ভেঁপু' গল্পটি বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের কোন উপন্যাস থেকে নেওয়া? ১

খ. 'আম আঁটির ভেঁপু' গল্পটি কীভাবে মানুষের চিরায়ত শৈশবকে স্মরণ করিয়ে দেয়? ২

গ. উদ্দীপকের বক্তব্য 'আঁম আঁটির ভেঁপু' গল্পে কীভাবে প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. সাহিত্যে প্রকৃতি ও মানুষের জীবনকে একাকার করে বিভূতিভূষণ হয়ে উঠেছেন অনন্য এক লেখক উদ্দীপক ও 'আম আঁটির ভেঁপু' গল্প অবলম্বনে উক্তিটি ব্যাখ্যা কর। ৪

## খ অংশ — পদ্য

৪. ▶ খবরের শিরোনাম "জেসিকা কক্স : হাত নেই, তবু তিনি পাইলট।" বিস্তারিত বিবরণ ঘেঁটে জানা যায়, জন্ম থেকেই হাত নেই জেসিকার। কিন্তু মা-বাবার অনুপ্রেরণা ও প্রচেষ্টায় দুটো পা-কে যথাযথ ব্যবহার করে পাইলটের লাইসেন্স অর্জন করেছে সে।

ক. 'জাগরণী' গ্রন্থ কত সালে প্রকাশিত হয়? ১

খ. 'আচ্ছা দিদি, কী করবে ভাই তারা জন্ম লাগি গিয়াছে যার চোখ'— বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকে যে দিকটি ফুটে উঠেছে তা 'অন্ধবধূ' কবিতার আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. অন্ধবধূ এবং জেসিকার পথ একই সরল রেখায় চলেনি-মূল্যায়ন কর। ৪

৫. ▶ ছোট গাঁওখানি-ছোট নদী চলে, তারি পাশ দিয়া,
কালো জল তার মাজিয়াছে কেবা কাকের চক্ষু নিয়া।
সরু পথখানি সুতায় বাঁধিয়া
দূর পথিকের আনিছে টানিয়া
বনের হাওয়ায়, গাছের ছায়ায়, ধরিয়া রাখিবে তায়;
বুকখানি তার ভরে দেবে বুঝি মায়া আর মমতায়।

teachingbd.com

ক. অকাল বার্ধক্যে নত কে? ১

খ. বৈঠায় লাঙ্গালে কবির হাতের স্পর্শ লেগে আছে কীভাবে? ২

গ. উদ্দীপকটিতে 'আমি কোনো আগন্তুক নই' কবিতার ফুটে ওঠা দিকটি ব্যাখ্যা কর। ৩

ঘ. 'প্রকাশগত পার্থক্য থাকলেও উদ্দীপক ও 'আমি কোনো আগন্তুক নই' কবিতার মধ্যে মজ্জাগত পার্থক্য নেই? বিশ্লেষণ কর। ৪

৬.▶ আশ্চর্য এমন দিন, মৃত্যুতে করে না কেহ শোক,
মৃত্যুরে করে না ভয়, শঙ্কাহীন, কিসের আলোক
উদ্ভাসিত করে তোলে ক্লান্ত দেহ, মুখ, পদক্ষেপ
সংকল্পের ক্ষতি তবে দৃঢ়তার প্রচার প্রলেপ
করেছে ভাস্বর।
এরা যেন করেছে স্বাক্ষর
'আমার মায়েরে আমি মাটি থেকে বুকে মোর তুলিয়া নিলাম।'

ক. কবিতার হাতে কী উঠেছে? ১

খ. 'চির কবিতার দেশ' বলতে কবি কী বুঝিয়েছেন? ২

গ. উদ্দীপকটি 'সাহসী জননী বাংলা' কবিতার যে দিকটির সাথে সাদৃশ্যপূর্ণ তা ব্যাখ্যা কর। ৩

ঘ. 'আমার মায়েরে আমি মাটি থেকে বুকে মোর তুলিয়া নিলাম'— 'সাহসী জননী বাংলা' কবিতার আলোকে উক্তিটি বিশ্লেষণ কর। ৪

## গ অংশ — সহপাঠ

৭.▶ অনেক যুদ্ধ গেলো
অনেক রক্ত গেলো
শিমুল তুলোর মতো সোনা-রূপা ছড়ানো-বাতাস
ছোট ভাইটিকে আমি কোথাও দেখি না,
নরম নোলক পরা বোনটিকে আজ আর কোথাও দেখি না।
কেবল পতাকা দেখি,

http://teachingbd.com

স্বাধীনতা দেখি
তবে কি আমার ভাই আজ ঐ স্বাধীন পতাকা।

ক. বুধার পিঠাপিঠি বোনের নাম কী? ১
খ. বুধা সেনাবাহিনী ক্যাম্পে পেয়ারা নিয়ে গিয়েছিল কেন? ২
গ. উদ্দীপকের কবিতাংশের মূলভাব 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন দিক নির্দেশ করে ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের কবিতাংশের মূলভাব 'কাকতাড়ুয়া' উপন্যাসের সামগ্রিক দিক ধারণ করে না-যুক্তি দেখাও। ৪

৮.▶ শান্ত বাঙালিকে চিনতে পাঞ্জাবিরা ভুল করেছিল। সেনাপতিরা এপ্রিল-মে মাসের মধ্যে টের পেতে লাগল, চিনে জোঁকের পাল্লায় ওরা পড়েছে। বাঙালি জোঁকের পাল্লায় ওরা পড়েছে। বাঙালি জোঁক যখন কামড় দেয়, তখন রক্ত শুষে নিয়ে আধমরা করে ছাড়ে। জোঁকের মতো মরণ কামড় যেন।

ক. পাকিস্তানিরা গাঁয়ের কোন জায়গাটি দখল করে ক্যাম্প বানিয়েছিল? ১
খ. কারও কারও চোখে আগুনের ফুলকি ছোটে কেন? ২
গ. উদ্দীপকটি কোনদিক দিয়ে 'কাকতাড়ুয়া' গল্পের সাথে সাদৃশ্যপূর্ণ? ৩
ঘ. 'জোঁকের মতো মরণকামড় যেন'— উক্তিটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের আলোকে বিশ্লেষণ কর। ৪

৯.▶ সড়ক দুর্ঘটনায় প্রাণে বেঁচে যায় গৃহবধূ হালিমা। তাকে হাসপাতালে নিয়ে সুস্থ করে তুলেন হাসমত আলী। দুর্ঘটনার স্থানে কিছু লোক সাহায্য না করে লুটপাট করছিল। হাসমত আলী যথাসময়ে চলে আসায় হালিমার দ্রুত চিকিৎসা হয় এবং মালামাল রক্ষা পায়।

ক. বজরা কোন ঘাটে থেমেছিল? ১
খ. 'বদ লোকেরা তোমাকে গিলে খাচ্ছে'— কথাটি কেন বলা হয়েছে? ২
গ. উদ্দীপকের হাসমত আলীর ভূমিকা 'বহিপীর' নাটকের হাতেম আলীর সঙ্গে কীভাবে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপককে হালিমার সড়ক দুর্ঘটনা 'বহিপীর' নাটকের দুর্ঘটনার প্রতিরূপ মতামত দাও। ৪

Teachingbd.com

সময় — ৪০ মিনিট পূর্ণমান — ৪০ **বাংলা প্রথম পত্র:** নৈর্ব্যক্তিক অভীক্ষা বিষয় কোড: ১ ০ ১

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. 'পালামৌ' রচনায় কোলদের নৃত্যানুষ্ঠানটি কোথায় অনুষ্ঠিত হয়েছিল?**
ক) বটবৃক্ষতলে খ) খোলা মাঠে
গ) নদীর তীরে ঘ) বাড়ির আঙিনায়

**উদ্দীপকটি পড় এবং ২ ও ৩ নং প্রশ্নের উত্তর দাও :**
নিহতের পরিবারের দাবি, যৌতুক না পেয়ে স্বামী ও শ্বশুরবাড়ির লোকেরা গভীর রাতে লাবণীকে হত্যা করে।

**২. লাবণীর সাথে নিরূপমার সাদৃশ্য কোথায়?**
ক) অকালে চিরবিদায়
খ) সংসার না করায়
গ) স্বামীর সাথে মনোমালিন্যে
ঘ) শিক্ষার বিষময় ফলে

**৩. উদ্দীপক ও 'দেনাপাওনা' গল্পের সাদৃশ্যপূর্ণ দিক হলো—**
i. বিয়োগান্ত পরিণতির সৃষ্টি
ii. শ্বশুরবাড়ি মৃত্যুশয্যায় পরিণত
iii. যৌতুকের কুপ্রভাবে মরণ
**নিচের কোনটি সঠিক?**
ক) i খ) ii
গ) i ও ii ঘ) i, ii ও iii

**৪. কোনটি বড়?**
ক) বীরের বীরত্ব খ) রাজারধন
গ) পন্ডিতের সুনাম ঘ) পাঠকের লাইব্রেরি

**৫. অধর রায়ের চারিত্রিক বৈশিষ্ট্য কোনটি?**
ক) ন্যায়-পরায়ণতা খ) কর্তব্য পরায়ণতা
গ) নিষ্ঠুরতা ঘ) ধৈর্যশীলতা

**৬. বেগম রোকেয়া কত সালে ইন্তেকাল করেন?**
ক) ১৯০৩ খ) ১৯১৩
গ) ১৯৩২ ঘ) ১৯৪৩

**৭. দুর্গার মাথার চুল—**
ক) রুক্ষ খ) ভেজা
গ) ছোট ঘ) বড়

**৮. মহানবীর অজস্র মানবীয় গুণের মধ্যে কোনটি সর্বশ্রেষ্ঠ বিবেচনা করা হয়?**
ক) মানবপ্রেম খ) ক্ষমাশীলতা
গ) মহানুভবতা ঘ) দয়াশীলতা

**৯. মানুষ নিমের পাতা ছিড়ে—**
i. রান্না করে খায়
ii. গরম তেলে ভাজে
iii. চুলকানিতে লাগায়
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**১০. ভদ্র সমাজে দেশ উন্নয়নের ভাবনা পরিণতি পায় কীসে?**
ক) কথাতে খ) পরিকল্পনায়
গ) আয়োজনে ঘ) বুদ্ধিতে

**১১. শিক্ষার মাধ্যমে কীসের বিকাশ ঘটে?**
ক) বুদ্ধির খ) মনুষ্যত্বের
গ) জ্ঞানের ঘ) নৈতিকতার

**১২. মমতাদি কেন আবশ্যক জোর দিয়ে নিজেকে রাঁধুনী বলেছিলেন?**
ক) লজ্জা ঢাকতে খ) কাজের সুবিধার্থে
গ) আত্মসম্মান ঢাকতে ঘ) রান্না করবেন তাই

**১৩. ধর্মের নামে নৃশংসতার ইতিহাস কোন সময়ের?**
ক) মুঘল আমলের খ) পাকিস্তান আমলের
গ) ব্রিটিশ আমলের ঘ) সুদূর অতীতের

**১৪. মঞ্জুরের গাড়ির ভেতর কী বিছানো ছিল?**
ক) বন্দুক
খ) তোয়ালে
গ) বাংলাদেশের পতাকা
ঘ) শহিদের রক্তে ভেজা শার্ট

**১৫. নাটক সচরাচর কয় অঙ্কে বিভক্ত থাকে?**
ক) তিন খ) চার
গ) পাঁচ ঘ) ছয়

**১৬. দেবী অন্নপূর্ণা কী কারণে অন্যের নিবাস ছেড়েছিলেন?**
ক) মায়ার অভাবে খ) কন্দলের ত্রাসে
গ) স্বস্তি কামনায় ঘ) ভর্ৎসনায়

**১৭. কপোতাক্ষের কুলকুল ধ্বনি কবি চিত্তে কী ধরনের প্রতিক্রিয়া সৃষ্টি করে?**
ক) সংশয় খ) বিরক্তি
গ) পুলক ঘ) বেদনা

**১৮. কবি হেমচন্দ্র সাধন করতে বলেছেন—**
ক) সংসারের খ) সাগরের
গ) ভবের ঘ) সংকল্পের

**১৯. 'ধরায় প্রাণের খেলা চিরতরঙ্গিত' চরণটিতে প্রকাশ পেয়েছে কবির—**
ক) প্রত্যাশা খ) হতাশা
গ) দার্শনিকতা ঘ) মানবতা

**উদ্দীপকটি পড় এবং ২০ ও ২১ নং প্রশ্নের উত্তর দাও :**
ক্ষুধাতুর চায় শুধু ভাত আর নুন
সারাদিন পেটে পড়েনিকো কিছু খালি পেটে তার জ্বলে আগুন

**২০. উদ্দীপকে 'মানুষ' কবিতার কোন দিকটি প্রকাশ পেয়েছে?**
ক) নিরন্ন মানুষের যন্ত্রণা
খ) সামর্থ্যবানদের নিষ্ঠুরতা
গ) উঁচু-নিচু শ্রেণির পার্থক্য
ঘ) ক্ষুধার্ত মানুষের ফরিয়াদ

teachingbd.com

২১. প্রকাশিত দিকটি উদ্ভাসিত যে চরণে তা হলো—
i. দ্বার খোলো বাবা, খাইনি তো সাত দিন
ii. ঐ মন্দির পূজারীর, হায় দেবতা, তোমার নয়
iii. তিমিররাত্রি, পথ জুড়ে তার ক্ষুধার মানিক জ্বলে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ ii ও iii
ⓖ i ও iii ⓖ i, ii ও iii

২২. অন্ধবধূর কাছে মন্দ নয় কোনটি?
ক) স্বামীর মৃত্যু খ) ঠাকুরঝির রূপ
গ) দিঘির ঘাট ঘ) নিজের মৃত্যু

২৩. ঝর্ণা কোথায় ঝিলমিলায়?
ক) পাহাড়ের চূড়ায় খ) চারপাশে
গ) দিগ্বিদিক ঘ) বিজনদেশ

২৪. 'সেইদিন এই মাঠ' কবিতায় উল্লেখিত গন্ধটা কেমন?
ক) সোঁদা খ) ভিজে
গ) ঝাঁঝালো ঘ) মিষ্টি

২৫. পল্লিজননী কবিতায় ছেলে মাকে না বলে কোথায় গিয়েছিল?
ক) বিলে খ) মাঠে
গ) বনে ঘ) নদীতে

২৬. রাইফেল কাঁধে বনে-জঙ্গলে কে ঘুরে বেড়ায়?
ক) তেজি তরুণ খ) থুত্থুরে বুড়ো
গ) অবুঝ শিশু ঘ) মোল্লাবাড়ির বিধবা

২৭. 'আমার পরিচয়' কবিতায় কোন যুগের চিত্রকলার কথা বলা হয়েছে?
ক) বর্তমান খ) বৌদ্ধ
গ) পাল ঘ) কৈবর্ত্য

২৮. 'বৃষ্টি' কবিতায় মানব মনের কোন অবস্থার কথা বলা হয়েছে?
ক) আনন্দিত খ) বিস্মিত
গ) তৃষাতপ্ত ঘ) শিহরিত

২৯. রেসকোর্স ময়দান হলো—
ক) টঙ্গীতে খ) সাভারে
গ) রমনায় ঘ) মতিঝিলে

৩০. বাংলাদেশকে 'সাহসী জননী বাংলা' কবিতায় কীভাবে উপমায়িত করেছে?
ক) অনার্যদের দেশ খ) চির কবিতার দেশ
গ) নীলকমলের দেশ ঘ) স্বাধীন দেশ

৩১. বুধাকে মাইনটি কে দিয়েছিল?
ক) আলি খ) মিঠু
গ) মধু ঘ) শাহাবুদ্দিন

উদ্দীপকটি পড় এবং ৩২ ও ৩৩ নং প্রশ্নের উত্তর দাও :
মনে পড়ে হায়েনাদের নিষ্ঠুর বর্বরতা
বাপ-মায়ের সামনে মেয়ের হরণ করে শ্লীলতা
দুধের শিশুর ছোট্ট দেহ, পিষ্ঠ হলো পিঠে,
সারি সারি হাজার হাজার মানুষ মারে তল্লাটে।

৩২. উদ্দীপকের ভাবের সাথে 'কাকতাড়ুয়া' উপন্যাসের সাদৃশ্য কোথায়?
ক) বর্বরতায় খ) বদান্যতায়
গ) জাতীয়তায় ঘ) সাহসিকতায়

৩৩. এই সাদৃশ্যপূর্ণ দিকটি হলো—
i. নিষ্ঠুর আচরণ
ii. সম্মান হরণ
iii. শাহাদাৎ বরণ
নিচের কোনটি সঠিক?
ক) i খ) ii
গ) i ও ii ঘ) i, ii ও iii

৩৪. সেলিনা হোসেন কোথায় জন্মগ্রহণ করেন?
ক) ঢাকায় খ) রাজশাহীতে
গ) খুলনায় ঘ) চট্টগ্রামে

৩৫. কী নিয়ে বুধার কোন ঝামেলা নেই?
ক) আলো খ) পথ
গ) ঘুম ঘ) রাত

৩৬. গাঁয়ের কী দখল করে পাকিস্তানিরা ক্যাম্প বানিয়েছে?
ক) মাদ্রাসা খ) স্কুল ঘর
গ) দোকান ঘ) গেরস্তের কাচারি

৩৭. 'চারিদিকে আমি আন্ধার দেখছি'— উক্তিটি কে করেছে?
ক) হাতেম খ) হাশেম
গ) খোদেজা ঘ) তাহেরা

৩৮. বহিপীর অপরের মাথায় সুরজা করে কী জানতে চায়?
ক) কষ্টের স্বরূপ খ) বুদ্ধিমত্তার রহস্য
গ) মনের কথা ঘ) গোপন কথা

৩৯. পীর সাহেবের লেবাস ছিল—
i. আলখাল্লা
ii. পায়জামা
iii. কুর্তা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৪০. বহিপীর কাকে টলাতে পারে না?
ক) হাশেমকে খ) খোদেজাকে
গ) তাহেরাকে ঘ) হাতেমকে

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ক | ২ | ক | ৩ | ঘ | ৪ | ঘ | ৫ | গ | ৬ | গ | ৭ | ক | ৮ | ক | ৯ | ঘ | ১০ | ক | ১১ | খ | ১২ | গ | ১৩ | ঘ | ১৪ | গ | ১৫ | গ | ১৬ | ঘ | ১৭ | গ | ১৮ | ঘ | ১৯ | গ | ২০ | ক |
| | ২১ | গ | ২২ | ঘ | ২৩ | গ | ২৪ | খ | ২৫ | গ | ২৬ | ক | ২৭ | গ | ২৮ | গ | ২৯ | গ | ৩০ | খ | ৩১ | ঘ | ৩২ | ক | ৩৩ | ঘ | ৩৪ | খ | ৩৫ | ঘ | ৩৬ | খ | ৩৭ | ক | ৩৮ | গ | ৩৯ | ঘ | ৪০ | গ |

Teachingbd.com